

মন্টেসক্লারোস ঘোষণা

মন্টেসক্লারোস মঠভবন, কান্টারিয়া, স্পেন এ ২০১১ সালের ২৩-২৭ মে, IUFRO¹⁾ কর্তৃক আয়োজিত আন্তর্জাতিক সভায় অংশগ্রহণকারী ১৭টি দেশের প্রতিনিধিত্বকারী ৭০ জন বনরোগতত্ত্ববিদ কর্তৃক প্রস্তুতকৃত।

বনরোগতত্ত্ববিদ হিসাবে আমরা সকলে একমত হয়েছি এ ব্যাপারে যে, গাছ এবং তদসংলগ্ন উপাদানগুলোর আন্তর্জাতিক বানিজ্য পৃথিবীর বনাঞ্চলগুলোর বিভিন্ন রোগবৃদ্ধির ঝুঁকির কারণ। এ দৃষ্টিভঙ্গির প্রমাণ হিসাবে প্রতীয়মান, পৃথিবীর সর্বত্র প্রাকৃতিক ও কৃত্রিমভাবে রোপনকৃত বন পরিবেশে বহিরাগত, অচেনা প্রজাতির রোগজীবানু ও কীটপতঙ্গের সাম্প্রতিক, নজিরবিহীন বৃদ্ধি। তাই আমাদের প্রস্তাব হলো, গাছপালা ও তদ্বারা উৎপন্নদ্রব্য যোগুলো বানিজ্যিক ভাবে কম লাভবান কিন্তু বন পরিবেশের জন্য উচ্চমাত্রার ঝুঁকিসম্পন্ন সে ধরনের সকল বানিজ্যের পর্যায়ক্রমে রোধকরণ ২)।

1) IUFRO = International Union of Forest Research Organizations
(আন্তর্জাতিক বনস্বাস্থ্য গবেষণা সংস্থা) (www.iufro.org)

২) তড়িত বনায়নের উদ্দেশ্যে ব্যবহৃত সৌন্দর্যবৃদ্ধিকারক বাস্তুজাত চারাগাছ সমূহকে আমরা অর্থনৈতিক দিক দিয়ে কম লাভজনক কিন্তু বনের স্বাস্থ্যের জন্য মারাত্মক ঝুঁকিপূর্ণ হিসাবে চিহ্নিত করেছি।

উদাহরণস্বরূপ, চারাগাছ কম খরচে উৎপাদন করে যখন সমগ্র সম্পূর্ণভাবে ভিন্ন প্রকৃতির ও দূর্বর্তী অঞ্চলে রোপন করা হয় তা অর্থনৈতিক দিক দিয়ে কম লাভবান হলেও রোগজীবানু ও কীটপতঙ্গের ছড়ানোর জন্য উল্লেখযোগ্য পন্থা। এছাড়াও অন্যান্য বৃক্ষজাত পণ্য (যেমন: কাঠের বাস্তু, কাঠের কুঁচি ইত্যাদি) আন্তর্জাতিক বানিজ্যের সময় ভালোভাবে বাছাই ও নিয়ন্ত্রণ করতে হবে।